



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd



তারিখ: ২০ চৈত্র ১৪২৯

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২২.১৫৮

০৩ এপ্রিল ২০২৩


বিষয়: "ন্যাশনাল স্টিম অলিম্পিয়াড" প্রতিযোগিতায় সকল বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল স্টিম অলিম্পিয়াড শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশে ন্যাশনাল স্টিম (বিজ্ঞান, প্রযুক্তি, প্রকৌশল, কলা ও গণিত) অলিম্পিয়াড প্রতিযোগিতা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করেছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি ন্যাশনাল স্টিম অলিম্পিয়াডের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে থাকার সম্মতি প্রদান করেছেন এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মানিত সদস্য অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন প্রধান উপদেষ্টা ও আহবায়ক হিসেবে সার্বিক সহযোগিতা ও নির্দেশনা প্রদান করবেন। সকল বিশ্ববিদ্যালয়ে ন্যাশনাল স্টিম অলিম্পিয়াডের বহল প্রচার ও শিক্ষার্থীদের এ প্রতিযোগিতায় অংশগ্রহণে উদ্বুদ্ধকরণের জন্য অনুরোধ করা হ'ল।

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী ও বিস্তারিত তথ্য "ন্যাশনাল স্টিম অলিম্পিয়াড" এর ওয়েবসাইট www.nationalsteamolympiad.com থেকে জানা যাবে।

ন্যাশনাল স্টিম অলিম্পিয়াড এর আইটেসারেস্ট টেকনোলজিস থেকে প্রাপ্ত পত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।



৩-৪-২০২৩

ড. ফেরদৌস জামান

সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ)

ফোন: ৫৮১৬০১০৬

ইমেইল: ferdaous@ugc.gov.bd

বিতরণ :

- ১) পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের রেজিস্ট্রার।
- ২) বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহের রেজিস্ট্রার।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৩১.১৮.০০১.২২.১৫৮/১(৩)

তারিখ: ২০ চৈত্র ১৪২৯

০৩ এপ্রিল ২০২৩

সদয় অবগতির জন্য:

- ১) সদস্য, সদস্য মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ২) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
- ৩) সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), ইউজিসি, ঢাকা।



৩-৪-২০২৩